



নং-৪৫,০০,০০০,১২২,২৭,০৮২,২০২০- ৭৬৭

তারিখ: ১৩. ১০. ২০২০ খ্রি.

বিষয়: ড. মোঃ ইমরুল হাসান (৪২৭৬০), সহকারী অধ্যাপক, মেডিসিন বিভাগ, ময়মনসিংহ মেডিকেল কলেজ, ময়মনসিংহ-  
এর বিবৃক্ত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ মোতাবেক বিভাগীয় মামলা

বিভাগীয় মামলা নং ... ১৬৮/২০২০

#### অভিযোগনামা

যেহেতু আপনি ড. মোঃ ইমরুল হাসান (৪২৭৬০), সহকারী অধ্যাপক, মেডিসিন বিভাগ, ময়মনসিংহ মেডিকেল কলেজ,  
ময়মনসিংহ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের পার-২ শাখার ২৮/১০/২০১৫ খ্রি. তারিখের ৬৯০ নং স্মারকে প্রকাশিত  
বিসিএস (স্বাস্থ্য) ক্যাডারের ২৭৬ (দুইশত ছিয়াত্তর) জন কর্মকর্তার চাকুরি স্থায়ীকরণের আদেশ জালিয়াতি করে ক্রমিক নম্বর  
২৭৪ এ ড. আব্দুল বাশার মোঃ সায়েদুজ্জামান (১২৭৩৬৯) এর স্থলে আপনার নিজের নাম উক্ত আদেশে প্রতিস্থাপন করে মিথ্যা  
তথ্য উপস্থাপন করেছেন;

যেহেতু আপনি উপর্যুক্ত মিথ্যা তথ্য দিয়ে সহযোগী অধ্যাপক পদে পদোন্নতির জন্য স্বাস্থ্য সেবা বিভাগে আবেদন করেছেন;

যেহেতু আপনি লিখিত জবাবে অপরাধের সত্যতা স্বীকার করেছেন;

যেহেতু আপনার উপর্যুক্ত কর্মকাণ্ড সরকারি কর্মচারী আচরণ বিধিমালা, ১৯৭৯-এর পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও  
আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) মোতাবেক অসদাচরণ হিসেবে গণ্য;

সেহেতু আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) মোতাবেক অসদাচরণের দায়ে  
অভিযুক্ত করা হল এবং কেন আপনাকে উক্ত বিধিমালার অধীনে যথোপযুক্ত দণ্ড প্রদান করা হবে না, সে বিষয়ে এ নোটিশ  
প্রাপ্তি ১০ (দশ) কর্মদিবসের মধ্যে নিয়মস্বাক্ষরকারীর নিকট কারণ দর্শানোর জন্য নির্দেশ প্রদান করা হল।

একইসঙ্গে, আপনি ব্যক্তিগত শুনানি চান কিনা তা ও জানাতে নির্দেশ প্রদান করা হল।

অভিযোগ বিবরণী এ সঙ্গে সংযুক্ত করা হল।

(মো. আব্দুল মামান)

সচিব

ড. মোঃ ইমরুল হাসান (৪২৭৬০)

সহকারী অধ্যাপক, মেডিসিন বিভাগ

ময়মনসিংহ মেডিকেল কলেজ, ময়মনসিংহ

(বর্তমান ঠিকানাঃ ২-বি মেডিকেল স্টাফ কোয়ার্টার, চরপাড়া, ময়মনসিংহ)

(স্থায়ী ঠিকানাঃ পিতা-মোঃ মোজাম্বেল হক, কলেজ রোড বাই লেন, দেওয়ানপাড়া, জামালপুর)

নং-৪৫,০০,০০০,১২২,২৭,০৮২,২০২০- ৭৬৭/১(১০)

তারিখ: ১৩. ১০. ২০২০ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভিযুক্তের বর্তমান ও স্থায়ী ঠিকানায় যথাযথভাবে জারি  
করে জারীকৃত প্রতিবেদন এ অধিশাখায় প্রেরণের অনুরোধসহ)
- ২। যুগ্মসচিব (পার), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৩। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (বিষয়টি উক্ত কর্মকর্তার পিডিএস ও ডাটাবেজে সংরক্ষণ  
করার অনুরোধসহ)

- ৪। অধ্যক্ষ, ময়মনসিংহ মেডিকেল কলেজ, ময়মনসিংহ
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৬। উপপরিচালক (শৃঙ্খলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (সংশ্লিষ্ট চিকিৎসকের ব্যক্তিগত ফাইলে এন্ট্রিসহ প্রয়োজনীয় কার্যক্রম প্রাইভেট অনুরোধসহ)
- ৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৮। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৯। যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ১০। অফিস কপি

১৩. ১০. ২০২০  
(মোঃ শাহাদত হোসেন কবির)  
সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ ৯৫৪৫০২৮  
[disc@hsd.gov.bd](mailto:disc@hsd.gov.bd)


### অভিযোগ বিবরণী

আপনি ডা. মোঃ ইমরুল হাসান (৪২৭৬০), সহকারী অধ্যাপক, মেডিসিন বিভাগ, ময়মনসিংহ মেডিকেল কলেজ, ময়মনসিংহ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের পার-২ শাখার ২৮/১০/২০১৫ খ্রি. তারিখের ৬৯০ নং স্মারকে প্রকাশিত বিসিএস (স্বাস্থ্য) ক্যাডেরের ২৭৬ (দুইশত ছিয়াত্তর) জন কর্মকর্তার চাকুরি স্থায়ীকরণের আদেশ জালিয়াতি করে ত্রুটিক নম্বর ২৭৪ এ ডা. আবুল বাশার মোঃ সায়েন্সজামান (১২৭৩৬৯) এর স্থলে আপনার নিজের নাম উক্ত আদেশে প্রতিস্থাপন করে মিথ্যা তথ্য উপস্থাপন করেছেন;

আপনি উপর্যুক্ত মিথ্যা তথ্য দিয়ে সহযোগী অধ্যাপক পদে পদোন্নতির জন্য স্বাস্থ্য মেবা বিভাগে আবেদন করেছেন;

আপনি লিখিত জবাবে অপরাধের সত্যতা স্থিরার করেছেন;

আপনার উপর্যুক্ত কর্মকাণ্ড সরকারি কর্মচারী আচরণ বিধিমালা, ১৯৭৯-এর পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) মোতাবেক অসদাচরণ হিসেবে গণ্য। আপনি উপর্যুক্ত কার্যকলাপ দ্বারা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) মোতাবেক অসদাচরণের দায়ে অভিযুক্ত হয়েছেন।

  
১৩. ১০. ২০২০  
(মো. আবদুল মানান)  
সচিব